

সার্কুলার লেটার নং-৫৩.১৭.০০০০.১২০.২২.০০৮.২১-৫২৬

সকল শাখা ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক

বিষয় : কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীম (কেবিটিডিএস) এর বিদ্যমান সুদ হার পুনঃনির্ধারণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীম (কেবিটিডিএস) আমানতের বিপরীতে বিদ্যমান সুদ হার পুনঃ নির্ধারণ বিষয়ে এ বিভাগের ০৬/০২/২০২২ তারিখের সার্কুলার লেটার নং ৫৩.১৭.০০০০.১২০.২২.০০৮.২২-১২৭৮ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। উপরোল্লিখিত সার্কুলার লেটারে বর্ণিত কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীম (কেবিটিডিএস) আমানত হিসাবের মেয়াদকাল ও সুদের হার পুনঃ নির্ধারণের বিষয়টি পরিচালনা বোর্ডের ১২ অক্টোবর, ২০২২ তারিখে অনুষ্ঠিত ৩২১ তম সভায় নিম্নোক্তভাবে পুনঃনির্ধারণ করা হয়, যা এ সার্কুলার লেটার জারীর তারিখ হতে কার্যকর হবে:

ক্র. নং	বিবরণ	বিদ্যমান সুদ হার	পুনঃনির্ধারিত সুদের হার
১.	কর্মসংস্থান ব্যাংক টার্ম ডিপোজিট স্কীম (কেবিটিডিএস)	(ক) ০৩ মাস পর্যন্ত ৫.৫০% (খ) ০৬ মাস পর্যন্ত ৬.০০% (গ) ০১ বছর পর্যন্ত ৬.০০%	(ক) ০৩ মাস পর্যন্ত ৬.০০% (খ) ০৬ মাস পর্যন্ত ৬.৫০% (গ) ০১ বছর পর্যন্ত ৬.৫০%

০৩। উল্লেখ্য, এ সার্কুলার লেটার জারীর পূর্ব পর্যন্ত বিদ্যমান কেবিটিডিএস আমানত হিসাবের বিপরীতে গ্রাহককে প্রদত্ত রশিদে বর্ণিত সুদের হার অপরিবর্তিত থাকবে অর্থাৎ চুক্তি মোতাবেক সুদ হিসাবায়ন হবে। তবে বিদ্যমান কেবিটিডিএস নবায়ন হলে পুনঃনির্ধারিত সুদ হার প্রযোজ্য হবে। ব্যাংকের সিটিজেন চার্টার ও লিফলেট বিতরণকালে পুনঃনির্ধারিত সুদের হার সংশোধন করার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হলো।

০৪। ইতোপূর্বে জারীকৃত পরিপত্র এবং সার্কুলার লেটারের অন্যান্য শর্তাবলী অপরিবর্তিত থাকবে।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত

২০.১০.২০২২
(মোহাম্মদ জাকির হোসেন)

উপ-মহাব্যবস্থাপক

পত্র সূত্র নং- ৫৩.১৭.০০০০.১২০.২২.০০৮.২১- ৫২৬(৩২২)

তারিখ : এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালকের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপকের দপ্তর, প্রশাসন/পরিচালন/নিরীক্ষা মহাবিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। সকল উপমহাব্যবস্থাপক কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়। উপমহাব্যবস্থাপক, আইটি বিভাগকে সার্কুলার লেটারটি ব্যাংকের ওয়েব সাইটে প্রকাশ করার জন্য এবং সেবা বক্সে কেবিটিডিএস এর সুদ হার সংশোধন করার জন্য অনুরোধ করা হলো;
- ৪। সকল উপমহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় কার্যালয়;
- ৫। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয় ও জনসংযোগ বিভাগ, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, কর্মসংস্থান ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়;
- ৭। সকল আঞ্চলিক ব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক;
- ৮। অফিস নথি।

২০/১০/২০২২
(মোহাম্মদ হারুন অর রশিদ)

সহকারী মহাব্যবস্থাপক